দৈনিক বাংলা

তারিখ 24 JUL 1994
পৃষ্ঠা ৮ কলাম ৪

63

# শিক্ষক নিয়োগে মহিলা প্রার্থীরা অগ্রাধিকার পাবে ঃ অর্থমন্ত্রী

মৌলবীবাজার, ২৩ জুলাই।– অর্থমন্ত্রী এম সাইফুর রহমান বলেছেন, প্রাথমিক শিক্ষাই হচ্ছে সকল শিক্ষার কেন্দ্রবিন্দু এবং সরকার চলতি অর্থবছরে প্রাথমিক শিক্ষা বিস্তারে ব্যাপক কর্মসূচী হাতে নিয়েছে।

অর্থমন্ত্রী শনিবার মৌলবীবাজারে ১৯৯৪-৯৫ সালের জন্য জেলার প্রাথমিক শিক্ষকদের এক প্রশিক্ষণ কর্মসূচীর উদ্বোধনকালে একথা বলেন। খবর তথ্য বিবরণীর।

তিনি বলেন, সরকারের প্রাথমিক শিক্ষা বিস্তার কর্মসূচীর মধ্যে উল্লেখযোগ্য হচ্ছে ক্রমবর্ধমান শিক্ষকের চাহিদা পূরণের লক্ষ্যে ব্যাপকহারে শিক্ষক নিয়োগ, শিক্ষার বিনিময়ে খাদ্য কর্মসূচীতে অর্থায়ন দ্বিগুণ করাসহ প্রাথমিক শিক্ষাখাতে সার্বিক বরাদ্দ বৃদ্ধি, ক্রমবর্ধমান ছাত্র ভর্তির প্রেক্ষাপটে ছাত্রদের স্থান সংকুলান, বিশুদ্ধ পানিসহ অন্যান্য আনুষঙ্গিক সুবিধাদির ব্যবস্থাকরণ ইত্যাদি।

জনাব সাইফুর রহমান বলেন, শিক্ষক নিয়োগের ক্ষেত্রে মহিলা প্রার্থীদের অগ্রাধিকার দেয়া হবে এবং কোন নির্দিষ্ট এলাকার প্রাথমিক বিদ্যালয়ের জন্য যথাসম্ভব ঐ এলাকার প্রার্থীদেরকে নিয়োগ করা হবে যাতে শিক্ষকদের বাসস্থানসহ যাতায়াতের কোন সমস্যা না হয়।

অর্থমন্ত্রী সমবেত প্রশিক্ষণার্থী শিক্ষক–শিক্ষিকাদের দেশের ভবিষ্যৎ নাগরিকদের সুচারুরূপে গড়ে তোলার পবিত্র দায়িত্ব যথাযথভাবে পালনের আহবান জানান।

তিনি বলেন, শিক্ষার অংকুর বপন করার পাশাপাশি কোমলমতি শিশুদের মাঝে আত্ম–উপলব্ধি, আত্মসচেতনতা, দায়িত্ববোধ ও দেশপ্রেম সৃষ্টি করাই হবে প্রাথমিক শিক্ষার প্রধান লক্ষ্য।

অনুষ্ঠানে অন্যান্যের মধ্যে বক্তব্য রাখেন স্থানীয় নেতা এডভোকেট মজিবর রহমান মজিব, এডভোকেট জুনাইদ আহমেদ ও মৌলবীবাজার পৌরসভার চেয়ারম্যান সৈয়দ মহসিন আলী প্রমুখ।